BENGALI EDITION
EARTH AND SPACE SCIENCES
TUESDAY, JUNE 10, 2025
1:15 TO 4:15 P.M., ONLY

The University of the State of New York
REGENTS HIGH SCHOOL EXAMINATION

ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান

মঙ্গলবার, 10 জুন, 2025 — 1:15 p.m. থেকে বিকেল 4:15 p.m. শুধু

শিক্ষার্থীর নাম ____

স্কুলের নাম ____

এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা অত্যন্ত কম সময়ের জন্যও ব্যবহার করেন, তাহলেও আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং আপনাকে কোনো নম্বর দেওয়া হবে না।

উপরের লাইনগুলিতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন।

ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে এই পরীক্ষার সকল প্রশ্নের উত্তর দিন। এই পরীক্ষা শুরু করার আগে, আপনাকে ***ভূ-বিজ্ঞানের জন্য রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি*** দেওয়া আবশ্যক। কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আপনার এই রেফারেন্স টেবিল ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

আপনাকে এই পরীক্ষার সব প্রশ্নের উত্তর দিতে হবে। এই প্রশ্নগুলির উত্তরের সমাধান করতে আপনি টুকরো কাগজ ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার উত্তরপত্র এবং আপনার পরীক্ষার পুস্তিকায় আপনাকে সকল উত্তর নিশ্চিতভাবে লিপিবদ্ধ করতে হবে। মাল্টিপল-চয়েস প্রশ্নের জন্য আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তরপত্রে শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রোক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। সংগঠিত প্রতিক্রিয়ার প্রশ্নগুলোর উত্তর আপনার পরীক্ষার বইতে লিখুন।

এই পরীক্ষা পুস্তিকায় গ্রাফ ও অঙ্কন ব্যতীত সমস্ত উত্তর কলম দিয়ে লিখতে হবে, গ্রাফ ও অঙ্কন পেন্সিল দিয়ে করতে হবে।

এই পরীক্ষা সম্পন্ন করার পরে, আপনাকে পৃথক উত্তরপত্রে দেওয়া মুদ্রিত ঘোষণাপত্রে স্বাক্ষর করতে হবে এই মর্মে যে, এই পরীক্ষার প্রশ্ন বা উত্তরের বিষয়ে আগে থেকে আপনি বেআইনিভাবে জানতেন না, এই পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কারও সাহায্য পাননি বা কাউকে সাহায্য করেননি। এই ঘোষণাপত্রে স্বাক্ষর না করলে, আপনার উত্তরপত্র এবং পরীক্ষার পুস্তিকা গ্রহণ করা হবে না।

বিজ্ঞপ্তি ...

এই পরীক্ষা দেওয়ার সময় আপনার কাছে একটি ফোর ফাংশন বা সায়েন্টিফিক ক্যালকুলেটর এবং ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের জন্য রেফারেন্স টেবিলের 2024 সংস্করণের*** একটি কপি অবশ্যই ব্যবহারের জন্য হাতের কাছে রাখতে হবে।

মনে রাখবেন, উল্লেখ করা না থাকলে, ডায়াগ্রামগুলো সবসময় স্কেল অনুসারে আঁকা থাকবে না।

সঙ্কেত না দেওয়া পর্যন্ত এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।

EARTH AND SPACE SCIENCES BENGALI EDITION

নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 1 থেকে 5 নম্বর প্রশ্নের উত্তর দিন। কিছু প্রশ্নের জন্য ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি ব্যবহার করার প্রয়োজন হতে পারে।*** আপনার মাল্টিপল চয়েসের প্রশ্নের উত্তর প্রদান করা পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করতে ভুলবেন না। সংগঠিত প্রতিক্রিয়ার প্রশ্নগুলোর উত্তর আপনার পরীক্ষার বইতে লিখুন।

আমাদের সূর্য - একটি নক্ষত্র

হার্থস্প্রাং-রাসেল (H-R) ডায়াগ্রামটি 1911 সালে পৃথক দুটি দেশের দুই বিজ্ঞানী স্বতন্ত্রভাবে নক্ষত্রের চার্ট থেকে তৈরি করেছিলেন। এটি নক্ষত্রগুলোর পৃষ্ঠতলের তাপমাত্রা, পর্যবেক্ষণযোগ্য রঙ এবং ঔজ্জ্বল্যের মাত্রার উপর ভিত্তি করে তাদের শ্রেণীভুক্ত করা হয়। ঔজ্জ্বল্যের পরম মাত্রা (Absolute magnitude) বলতে পৃথিবী থেকে একই দূরত্বে সমস্ত নক্ষত্র আছে ধরে নিয়ে একটি নক্ষত্র কতটা উজ্জ্বল তার পরিমাপ বোঝায়। যত উজ্জ্বল নক্ষত্র, তত কম হয় ঔজ্জ্বল্যের পরম মাত্রার মান।

1 আমাদের সূর্য স্পেক্ট্রাল ক্লাস G নক্ষত্র হিসাবে শ্রেণীভুক্ত হয়েছে যার উপরিভাগের তাপমাত্রা 5000 থেকে 6000 K এবং ঔজ্জ্বল্যের পরম মাত্রা প্রায় পাঁচ। এই তথ্যের ওপর ভিত্তি করে, সূর্য কোথায় অবস্থিত রয়েছে তা চিহ্নিত করার জন্য **ওয়ান X** দিয়ে H-R রেখচিত্রটি সম্পূর্ণ করুন। সেইসাথে, সূর্যের আপেক্ষিক তাপমাত্রা এবং আপেক্ষিক পরম মান নির্ধারণ করুন, যার কারণে পরিবৃত্তির মাধ্যমে এটি একটি অতিকায় লাল দৈত্যে পরিণত হয়েছে। [1]

হার্টজস্প্রাং-রাসেল ডায়াগ্রাম মডেল



আপেক্ষিক তাপমাত্রায় পরিবর্তন: ______________________________

আপেক্ষিক পরম মানে পরিবর্তন: ______________________________

নিচে দেওয়া মডেলে সূর্যের বিভিন্ন স্তর এবং প্রত্যেকটি স্তরের কিছু বৈশিষ্ট্য দেখানো হয়েছে।

সূর্যের স্তরের মডেল



(স্কেল অনুসারে অঙ্কিত নয়)

2 মডেলে দেওয়া তথ্য ব্যবহার করে, সূর্যের পাঁচটি স্তরের কোন তালিকাটি সঠিক ক্রমে রয়েছে যাতে সংমিশ্রণের মাধ্যমে তৈরি শক্তি বিচ্ছুরণ হিসাবে ধীরে ধীরে সূর্যের উপরিভাগে পৌঁছাতে পারে?

(1) কেন্দ্র → বর্ণমণ্ডল → আলোকমণ্ডল → পরিচলন অঞ্চল → আবহমণ্ডল বা করোনা

(2) কেন্দ্র → বিকিরণ অঞ্চল → পরিচলন অঞ্চল → আলোকমণ্ডল → আবহমণ্ডল বা করোনা

(3) কেন্দ্র → আলোকমণ্ডল → আবহমণ্ডল বা করোনা → পরিচলন অঞ্চল → বর্ণমণ্ডল

(4) কেন্দ্র → বিকিরণ অঞ্চল → সংবহন অঞ্চল → আলোকমণ্ডল → বর্ণমণ্ডল

নিচের মডেলটি আমাদের সূর্যের চারপাশে মহাকাশীয় বস্তুর কক্ষপথের প্রতিনিধিত্ব করছে। এই ইনসেট মডেলটি বৃহস্পতির কক্ষপথে সৌরজাগতিক অঞ্চল সম্পর্কে কিছু তথ্য দেখাচ্ছে।

আমাদের সৌরজগতের মডেল



ইনসেট মডেল



(স্কেল অনুসারে অঙ্কিত নয়)

3 নিচের টেবিলে সূর্যের চারপাশে বুধ এবং শুক্র গ্রহের কক্ষপথের বিবর্তনমাত্রা দেখানো হয়েছে।

গ্রহ	**বিবর্তনমাত্রা**
বুধ	0.206
শুক্র	0.007

কেপলারের সূত্র অনুযায়ী যে **দুটি** বিবৃতি সঠিক অনুমান করা হয়েছে সেগুলির বক্সে টিক চিহ্ন (✓) দিন। [1]

☐ শুক্রগ্রহ নিজ কক্ষপথে সূর্যের চারপাশে একটি স্থির গতিতে প্রদক্ষিণ করে।

☐ বুধ যখন সূর্যের কাছাকাছি যায় তখন নিজের কক্ষপথে আরও দ্রুতগতিতে চলে।

☐ শুক্র গ্রহের কক্ষপথ বুধ গ্রহের কক্ষপথের তুলনায় কম উপবৃত্তাকার।

☐ উভয় গ্রহের কক্ষপথের গতি তাদের ভর দ্বারা প্রভাবিত হয়।

☐ শুক্র গ্রহের থেকে আলাদা, বুধগ্রহের কক্ষপথের বিকেন্দ্রীকরণ বুধ গ্রহকে একটি চাঁদ পাওয়ার থেকে বাধা দেয়।

4 *আমাদের সৌর জগতের মডেল*-এর উপর নির্ভর করে, যদি এমন একটি নতুন গ্রহ চিহ্নিত হয় যা সূর্যকে কেন্দ্র করে গড়ে বুধের চেয়ে বেশি কিন্তু শুক্রের চেয়ে কম কক্ষপথে প্রদক্ষিণ করে, সেক্ষেত্রে এই গ্রহটির গড় গতি হবে

(1) বুধের গড় গতির চেয়ে বেশি, কিন্তু শুক্রের গড় গতির চেয়ে কম
(2) বুধের গড় গতির চেয়ে কমি, কিন্তু শুক্রের গড় গতির চেয়ে বেশি
(3) শুক্রের গড় গতির চেয়ে বেশি, কিন্তু বুধের গড় গতির চেয়ে কম
(4) শুক্রের গড় গতির চেয়ে কম, কিন্তু বুধের গড় গতির চেয়ে বেশি

পৃথিবী থেকে একজন পর্যবেক্ষক চাঁদের প্রতিটি দশা দেখতে পান, কিন্তু চাঁদই সৌরজগতের একমাত্র বস্তু নয় যে বিভিন্ন দশা প্রদর্শন করে। শুক্র গ্রহেরও পর্যবেক্ষণযোগ্য দশা রয়েছে, যা পৃথিবী থেকে দেখা যায়। সূর্যের চারিদিকে শুক্র গ্রহের কক্ষপথ প্রায় 225 ধরিত্রী দিন।

নিচের ছবিতে রাতের আকাশে খালি চোখে চাঁদের দশা এবং শুক্র গ্রহ দেখা যাচ্ছে। ইনসেট বক্সে একটি টেলিস্কোপ ব্যবহার করে পর্যবেক্ষণ করা শুক্র গ্রহকে দেখা যায়। চাঁদ এবং শুক্র দুটিই অর্ধচন্দ্রাকার দশায় আছে।

চাঁদ এবং শুক্রগ্রহের পর্যবেক্ষণ করা পর্যায়



5 *আমাদের সৌর মণ্ডলের মডেল* ব্যবহার করে, কেন পৃথিবীর একজন পর্যবেক্ষক শুক্র গ্রহের জন্য পর্যায়ক্রমিক চক্র দেখতে পান তার একটি ব্যাখ্যা তৈরি করুন। নিচে দেওয়া জায়গায়, *A*, *B*, এবং *C* বিকল্প থেকে সেই শব্দগুলি লিখুন যা সঠিকভাবে এই বাক্যাংশটিকে সম্পূর্ণ করে। [1]

বিকল্প A:	**বিকল্প B:**	**বিকল্প C:**
• ভিতরে	• কাছাকাছি	• চাঁদ
• বাইরে	• থেকে দূরে	• সূর্য

শুক্র গ্রহ প্রায় 225 ধরিত্রী দিবসে, পৃথিবীর কক্ষপথের __A__ সূর্যের চারপাশে প্রদক্ষিণ করে। এর অর্থ হল কখনও কখনও শুক্র পৃথিবীর __B__ থাকে, অন্যদিকে অন্যান্য সময় এটি __C__-এর অন্যদিকে থাকে। শুক্র গ্রহের আপেক্ষিক অবস্থানের এই পরিবর্তনের ফলেই পৃথিবীতে একজন পর্যবেক্ষক শুক্র গ্রহের বিভিন্ন দশা দেখতে পান।

বিকল্প A: ____________________

বিকল্প B: ____________________

বিকল্প C: ____________________

নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 6 থেকে 10 নম্বর প্রশ্নের উত্তর দিন। কিছু প্রশ্নের জন্য ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি*** ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

বৈশ্বিক জলবায়ু বোঝার জন্য আর্থ সিস্টেমের মডেলিং

ভূতাত্ত্বিক রেকর্ড বিভিন্ন কারণের ফলে জলবায়ু ওঠানামার দীর্ঘ ইতিহাস দেখায়। জলবায়ু বিজ্ঞানীরা পৃথিবীর গতি, সমুদ্রের স্রোত, টেকটোনিক প্লেটের গতিবিধি এবং বায়ুমণ্ডলীয় গঠনের মডেলগুলি অধ্যয়ন করেন যাতে পৃথিবীর সিস্টেমের ভিতরে এবং বাইরে শক্তির প্রবাহের আদানপ্রদান আরও ভালোভাবে বোঝা যায়।

সূর্যের তুলনায় পৃথিবীর অক্ষের হেলন অর্থাৎ তির্যক গতির ফলে, পৃথিবীর জলবায়ুর উপর সরাসরি প্রভাব পড়ে। পৃথিবীর কৌণিক বেগ 41,000 বছর ধরে চলমান একটি চক্রের মাধ্যমে পরিবর্তিত হয়। কৌণিক গতি বর্তমানে হ্রাস পাচ্ছে এবং আনুমানিক 9800 বছরে এর সর্বনিম্ন মান 22.1° এ পৌঁছাবে।

বক্রতার সর্বোচ্চ এবং সর্বনিম্ন কোণ



(স্কেল অনুসারে অঙ্কিত নয়)

6 শীতকালে, পৃথিবীর বর্তমান কৌণিক মানের তুলনায়, পৃথিবীর উত্তর গোলার্ধে $22.1°$ কৌণিক মান থাকলে পৃথিবীর উত্তর গোলার্ধ কতটা শক্তি গ্রহণ করবে এবং বৈশ্বিক বরফ গঠনের উপর তার কী প্রভাব পড়বে সে সম্পর্কে কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

(1) পৃথিবীর উত্তর গোলার্ধ কম শক্তি পাবে এবং মেরু অঞ্চলে কম বরফ তৈরি হবে।

(2) পৃথিবীর উত্তর গোলার্ধ কম শক্তি পাবে এবং মেরু অঞ্চলে বেশি বরফ তৈরি হবে।

(3) পৃথিবীর উত্তর গোলার্ধ বেশি শক্তি পাবে এবং মেরু অঞ্চলে কম বরফ তৈরি হবে।

(4) পৃথিবীর উত্তর গোলার্ধ বেশি শক্তি পাবে এবং মেরু অঞ্চলে বেশি বরফ তৈরি হবে।

জলবায়ু বিজ্ঞানীরা আরেকটি বিষয় চিহ্নিত করেছেন যে আর্থ সিস্টেমে শক্তি প্রবাহের পরিবর্তনে সমুদ্র স্রোতের সঞ্চালন অবদান রাখে।

মডেল, *ডায়াগ্রাম 1*, এবং *ডায়াগ্রাম 2* সমুদ্র স্রোতের সঞ্চালনের ধরন সম্পর্কে কিছু তথ্য দেখায়। *X* এবং *Y* বিন্দুগুলি পৃথিবীপৃষ্ঠে অবস্থিত রয়েছে।

মহাসাগরীয় স্রোতের মডেল



রেখাচিত্র 1: কীভাবে স্রোত যায়



রেখাচিত্র 2: তাজা জলের প্রভাব



7 পৃথিবীর সমুদ্র স্রোতের শক্তির উপর X তাপমাত্রায় গলিত হিমবাহের প্রভাবকে সবচেয়ে সঠিকভাবে কোন বিবৃতির মাধ্যমে বর্ণনা করা হয়েছে?

(1) সমুদ্রে আরও মিষ্টি জল যোগ হয়েছে, যার ফলে স্রোত আরও গভীর হচ্ছে।

(2) সমুদ্রে আরও মিষ্টি জল যোগ হয়েছে, যার ফলে স্রোত দুর্বল হচ্ছে।

(3) সমুদ্রে আরও মিষ্টি জল যোগ হয়েছে, যার ফলে স্রোত আরও ঘন হচ্ছে।

(4) সমুদ্রে আরও মিষ্টি জল যোগ হয়েছে, যার ফলে স্রোত আরও গরম হচ্ছে।

8 কোন বিবৃতিটি Y স্থানে বর্তমান পৃষ্ঠতলের সমুদ্র স্রোতের প্রভাবকে সবচেয়ে সঠিকভাবে বর্ণনা করে?

(1) Y স্থানে বেশি বৃষ্টিপাতের পাশাপাশি উষ্ণ বায়ুর তাপমাত্রা দেখা যায়।

(2) Y স্থানে কম বৃষ্টিপাতের পাশাপাশি উষ্ণ বায়ুর তাপমাত্রা দেখা যায়।

(3) Y স্থানে বেশি বৃষ্টিপাতের পাশাপাশি ঠাণ্ডা বায়ুর তাপমাত্রা দেখা যায়।

(4) Y স্থানে কম বৃষ্টিপাতের পাশাপাশি ঠাণ্ডা বায়ুর তাপমাত্রা দেখা যায়।

শিল্প বিপ্লবের পর থেকে, হিমবাহের বরফে ধুলো, ময়লা এবং পাথরের মতো কালো কণা জমা যাওয়ার ফলে (দূষিত তুষার) হিমবাহগুলি অন্ধকারাচ্ছন্ন হয়ে গেছে। এর ফলে এমন প্রতিক্রিয়া পাওয়া গেছে যে এই পরিবর্তন পৃথিবীর অন্যান্য সিস্টেমকেও পরিবর্তন করেছে।

বিভিন্ন হিমবাহ পৃষ্ঠ থেকে প্রতিফলিত এবং শোষিত সূর্যালোকের শতাংশ



37টি হিমবাহের বার্ষিক এবং ক্রমবর্ধমান তুষারে ক্ষতি



9 হিমবাহ অঞ্চলের পৃষ্ঠতল অন্ধকারাচ্ছন্ন হওয়ার কারণে এক বা একাধিক আর্থ সিস্টেমে পরিবর্তনের ফলে যে প্রতিক্রিয়া দেখা দেয় তা কোন মডেলটি সঠিকভাবে উপস্থাপন করে?

(1)



(2)



(3)



(4)



কম্পিউটার-ভিত্তিক বৈশ্বিক জলবায়ু মডেলগুলি ভবিষ্যতের জলবায়ু পরিস্থিতির উপর তথ্য সংগ্রহের সহায়ক হাতিয়ার। এই মডেলগুলি বিভিন্ন পরিস্থিতি বা সম্ভাবনা ব্যবহার করে, যা গ্রিনহাউস গ্যাস নির্গমনকে কীভাবে মোকাবেলা করা যায় সে সম্পর্কে বিভিন্ন মানব-নির্ভর সিদ্ধান্ত গ্রহণ করে।

নিচের লেখচিত্রটি প্রতি মিলিয়ন (ppm) অংশে পরিমাপ করা চারটি ভিন্ন গ্রিনহাউস গ্যাস নির্গমন পরিস্থিতিতে ভবিষ্যতের গ্রিনহাউস গ্যাসের ঘনত্ব দেখায়।



নিচের লেখচিত্রটি বৈশ্বিক পৃষ্ঠতলের বায়ুর তাপমাত্রার পরিবর্তন সম্পর্কে কিছু তথ্য দেখায়। 0.0°C হিসাবে নির্দেশ করে, এই মডেলগুলিতে 1986 থেকে 2005 সালের মধ্যে গড় বৈশ্বিক পৃষ্ঠতলের বায়ুর তাপমাত্রার সাথে তুলনা করা হয়েছে।



10 *B* নির্গমন পরিস্থিতি ব্যবহার করে, গ্রিনহাউস গ্যাসের (CO_2 সমতুল্য) অনুমিত ঘনত্বের এবং 2100 সালে বৈশ্বিক পৃষ্ঠের তাপমাত্রায় আনুমানিক ভবিষ্যত পরিবর্তনের সংখ্যাসূচক মানগুলি শনাক্ত করুন। [1]

2100 সালে CO_2-এর সম্ভাব্য সমতুল্য: ____________________ **ppm**

বৈশ্বিক পৃষ্ঠের তাপমাত্রার সম্ভাব্য পরিবর্তন: __________________ **°C**

নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 11 থেকে 15 নম্বর প্রশ্নের উত্তর দিন। কিছু প্রশ্নের জন্য ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি*** ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

কার্বন-চক্র

বৈশ্বিক কার্বন চক্র বলতে পৃথিবীর বিভিন্ন সঞ্চয় স্থান বা জলাধারের মধ্য দিয়ে কার্বন কণার চলাচলকে বোঝায়। এই জলাধারগুলির মধ্য দিয়ে কার্বন বিভিন্ন হারে চলাচল করে। পৃথিবীর পৃষ্ঠের কাছাকাছি থাকা বেশিরভাগ কার্বন মোটামুটি দ্রুত চক্রাকারে চলে। বায়ুমণ্ডলে থাকা কার্বন প্রায় তিন থেকে পাঁচ বছরের মধ্যে পুনর্ব্যবহারযোগ্য হয়, অন্যদিকে উদ্ভিদ প্রায় 50 বছরের মধ্যে কার্বন পুনর্ব্যবহার করে। মাটি এবং জীবাশ্ম ভাণ্ডারে পাওয়া কার্বন গড়ে প্রায় 3000 থেকে 5000 বছরে পুনর্ব্যবহৃত হয়।

কার্বন-চক্রের দুটি অংশ আছে। "দ্রুত চক্রের" মধ্যে সালোকসংশ্লেষণ এবং পচনের জৈবিক প্রক্রিয়াগুলি জড়িত থাকে। "ধীর চক্রে" পাথর এবং মাটি দ্রবীভূত হওয়ার ফলে মাটির (অজৈব) কার্বন তৈরি হতে যে সময় লাগে সেই সময়কে বোঝায়।

কার্বন-চক্রে দাবানলের ঘটনাগুলো অবদান রাখে। 2020 সালে, ভয়ঙ্কর অগ্নিকাণ্ড থেকে আনুমানিক 107 মিলিয়ন মেট্রিক টন কার্বন ডাই অক্সাইড বায়ুমণ্ডলে নির্গত হয়েছিল — যা প্রায় 23 মিলিয়ন গাড়ি থেকে নির্গত কার্বন ডাই অক্সাইডের পরিমাণের সমান।

মডেলটি পৃথিবীর সিস্টেম এবং কার্বন চক্র সম্পর্কে কিছু তথ্য দেখায়।

কার্বন চক্রের উপর বনের দাবানল এবং জীবাশ্ম জ্বালানি পোড়ানোর প্রভাব বিষয়ক মডেল



বনের গাছপালার সাথে যা ঘটছে তার উপর নির্ভর করে কার্বনের মাত্রা কীভাবে পরিবর্তিত হয় তা এই মডেলটি দেখায়।

অরণ্যের কার্বন



11 বনের গাছপালার খাদ্যের জন্য শক্তি তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন *এবং* বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইডের মাত্রা হ্রাসের জন্য এই প্রক্রিয়া কীভাবে দায়ী তা বর্ণনা করুন। [1]

নিচের মডেলটি পৃথিবীর চারটি বলয়ের মধ্য দিয়ে কার্বনের চলাচল (তীরচিহ্ন) দেখায়। সংখ্যাগুলি প্রতি বছর গিগাটন (GT)-এ বলয় থেকে প্রাকৃতিকভাবে যোগ বা অপসারণ করা কার্বনের পরিমাণ নির্দেশ করে। মোটা হরফে লেখা সংখ্যাগুলি মানুষের কার্যকলাপের ফলে যোগ করা বা অপসারণ করা কার্বনের পরিমাণ নির্দেশ করে। প্রথম বন্ধনীর সংখ্যা ( ) হল সংরক্ষিত কার্বনের পরিমাণ।

দ্রুত কার্বন-চক্রের মডেল



12 কোন বিবৃতি দিয়ে প্রাকৃতিক প্রক্রিয়া এবং মানুষের কার্যকলাপের ফলে পৃথিবীর দুটি গোলকের মাঝে কার্বনের পরিমাণগত চক্রকে সঠিকভাবে চিহ্নিত করা যায়?

(1) জীবাশ্ম কার্বন 2300 GT নির্গত করে, অন্যদিকে জীবাণু শ্বসন এবং পচন থেকে 60 GT শোষিত হয়।

(2) গভীর সমুদ্র বায়ু-সমুদ্রে গ্যাস বিনিময়ের মাধ্যমে নির্গত কার্বনের চেয়ে 36,000 GT বেশি কার্বন সঞ্চয় করে।

(3) মানুষের নির্গমন উদ্ভিদের শ্বাস-প্রশ্বাসের চেয়ে নয় গুণ বেশি কার্বন বায়ুমণ্ডলে যোগ করে, যা জীবাণুর শ্বাস-প্রশ্বাস এবং পচনের মাধ্যমে বায়ুমণ্ডলে নির্গত কার্বন পরিমাণের সমান।

(4) বায়ুমণ্ডলের ত্যাগ করা এবং সমুদ্রের শোষণ করা কার্বনের পরিমাণ 92 GT, যা সমুদ্রের মাধ্যমে বায়ুমণ্ডলে ফিরে আসা এবং সমুদ্রের পলি দ্বারা শোষিত কার্বনের সমান।

13 বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইডের বৃদ্ধির ফলে জলবায়ু পরিবর্তন কীভাবে মানুষের কার্যকলাপকে প্রভাবিত করে তা কোন ব্যাখ্যায় বর্ণনা করা হয়েছে?

(1) স্থানীয় বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইডের পরিমাণ কমাতে মানুষ দাবানলে পুড়ে যাওয়া এলাকায় আবার গাছ লাগানোর পরিমাণ বাড়িয়েছে।

(2) বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইডের পরিমাণ কমাতে মানুষ জীবাশ্ম জ্বালানীর ব্যবহারের পরিমাণ বাড়িয়েছে।

(3) উষ্ণ জলবায়ুর সাথে খাপ খাইয়ে নিতে মানুষ শীতল জলবায়ু অঞ্চলে চলে গেছে।

(4) মানুষ জ্বালানি হিসেবে ব্যবহার করে বনে মৃত গাছের সংখ্যা কমিয়ে এনেছে।

পৃথিবীতে অতীতে, জলবায়ুর পরিবর্তনের কারণে কার্বন চক্র পরিবর্তিত হয়েছে যা বিভিন্ন কারণের ফলে ঘটেছিল। সূর্যের শক্তির পরিবর্তন, বায়ুমণ্ডল থেকে কার্বন ডাই অক্সাইড অপসারণকারী সামুদ্রিক জীবের পরিমাণ এবং প্রধান পর্বতমালার উত্থান - এই সবকিছুই CO_2-এর তারতম্যের কারণ হয়েছে।

বরফ-কেন্দ্রিক তথ্য বায়ুমণ্ডলীয় কার্বন ডাই অক্সাইডের (বরফে আটকে থাকা বাতাস থেকে প্রতি মিলিয়ন অংশে (ppm) পরিমাপ করা হয়) এবং গত 800,000 বছরে অ্যান্টার্কটিক পৃষ্ঠের তাপমাত্রার পরিবর্তনের একটি রেকর্ড প্রদান করে, যেমনটা নিচের রেখাচিত্রতে দেখানো হয়েছে।





14 কোন দাবিটি সঠিকভাবে লেখচিত্রের তথ্যের সারসংক্ষেপ করে যে পৃথিবীর একটি প্রণালী পরিবর্তনের ফলে পৃথিবীর অন্যান্য সিস্টেম পরিবর্তিত হয়েছে?

(1) বায়ুমণ্ডলীয় CO_2 মাত্রা বৃদ্ধির ফলে একই সময়কালের মধ্যে অ্যান্টার্কটিক পৃষ্ঠের তাপমাত্রা হ্রাস পেয়েছে।

(2) গত 800,000 বছর ধরে বায়ুমণ্ডলীয় CO_2 মাত্রার তারতম্য অ্যান্টার্কটিকার পৃষ্ঠের তাপমাত্রার উপর কোনও প্রভাব ফেলেনি।

(3) বায়ুমণ্ডলীয় CO_2 মাত্রা হ্রাসের ফলে অ্যান্টার্কটিক পৃষ্ঠের তাপমাত্রাও একই সময়ে হ্রাস পেয়েছে।

(4) বায়ুমণ্ডলীয় CO_2 মাত্রা একই রয়েছে, যার ফলে গত 800,000 বছর ধরে অ্যান্টার্কটিক পৃষ্ঠের তাপমাত্রাও একই রয়েছে।

15 গত 40,000 বছর ধরে অ্যান্টার্কটিকায় আঞ্চলিক জলবায়ু পরিবর্তনের হার ব্যবহার করে, পরবর্তী 40,000 বছরে অ্যান্টার্কটিকের তাপমাত্রা কতটা পরিবর্তিত হবে তার একটি প্রমাণ-ভিত্তিক পূর্বাভাস তৈরি করুন। এই তাপমাত্রা পরিবর্তনের ফলে পৃথিবীর **একটি** সিস্টেমের উপর একটি নির্দিষ্ট সম্পর্কিত প্রভাব বর্ণনা করুন। [1]

____________________ **°C, আগামী 40,000 বছরে**

সম্পর্কিত প্রভাব: ____

____

____

নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 16 থেকে 20 নম্বর প্রশ্নের উত্তর দিন। কিছু প্রশ্নের জন্য ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি*** ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

নক্ষত্র এবং মহাবিষ্ফোরণ তত্ত্ব

আমাদের সূর্য 4.6 বিলিয়ন বছরের পুরনো একটি হলুদ বামন নক্ষত্র। এটি হয় মহাবিষ্ফোরণের সময় উৎপাদিত পদার্থ থেকে তৈরি হয়েছিল অথবা বৃহৎ নক্ষত্রগুলি সুপারনোভাতে পৌঁছানোর এবং বিস্ফোরণের সময় নির্গত পদার্থ থেকে তৈরি হয়েছিল। মাধ্যাকর্ষণ শক্তির কারণে এই পদার্থ, হাইড্রোজেন আকারে একটি ঘন গ্যাসীয় মেঘে সংকুচিত হয়। এই মেঘের কেন্দ্রস্থলে তাপমাত্রা বৃদ্ধি পায়, যার ফলে দুটি হাইড্রোজেন নিউক্লিয়াস একটি হিলিয়াম নিউক্লিয়াসে মিলিত হয়। এই হিলিয়াম নিউক্লিয়াসের ভর হাইড্রোজেন নিউক্লিয়াসের ভরের চেয়ে সামান্য কম। ভরের এই পার্থক্যই নক্ষত্রের শক্তির উৎস।

নিচের মডেলটি বিভিন্ন নক্ষত্রের জীবনচক্র সম্পর্কে কিছু তথ্য দেখায়।

বিভিন্ন নক্ষত্রের জীবনচক্রের মডেল



16 সূর্য এবং অন্যান্য নক্ষত্রের জীবনকাল নির্ধারণকারী উপাদানটি চিহ্নিত করুন। [1]

____

নিচের টেবিলে বিভিন্ন ধরনের নক্ষত্র সম্পর্কে কিছু তথ্য দেওয়া আছে। সৌর ভর হল সূর্যের তুলনায় নির্দিষ্ট নক্ষত্রের ভর।

নক্ষত্র	**সৌর ভর**	**সূর্য থেকে দূরত্ব** (আলোকবর্ষ)	**আনুমানিক জীবনকাল** (বছর)
স্পিকা	10.3	260.9	30 মিলিয়নের কম
বিটেলগুজ	16.5	548	10 মিলিয়ন
সূর্য	1.0	0	9 বিলিয়ন
অ্যালডেবারান	1.16	65	6.4 বিলিয়ন
সিরিয়াস B	0.98	8.6	0.23 বিলিয়ন
উল্ফ 359	0.09	7.86	4.1 বিলিয়ন

17 একজন ছাত্র একটি ডেটা টেবিল তৈরি করেছে যেখানে নক্ষত্রগুলি কীভাবে নিউক্লিওসিন্থেসিসের মাধ্যমে সাধারণ উপাদানগুলিকে সংশ্লেষিত করে সে সম্পর্কে তথ্য রয়েছে। কোন সারির তথ্যটি সেই নক্ষত্রের সমস্ত বৈশিষ্ট্য সঠিকভাবে চিহ্নিত করেছে?

সারি	**নক্ষত্রের নাম**	**নিউক্লিওসিন্থেসিস**	**ভর**	**জীবনকাল** (বছর)
(1)	সূর্য	হাইড্রোজেন $\xrightarrow{\text{সরাসরি পরিবর্তন হয়}}$ হিলিয়াম	মাঝারি ভর	4.6 বিলিয়ন
(2)	সিরিয়াস B	কার্বন $\xrightarrow{\text{সরাসরি পরিবর্তন হয়}}$ অক্সিজেন	বেশি ভর	0.23 বিলিয়ন
(3)	অ্যালডেবারান	হিলিয়াম $\xrightarrow{\text{সরাসরি পরিবর্তন হয়}}$ কার্বন	মাঝারি ভর	6.4 বিলিয়ন
(4)	উল্ফ 359	হাইড্রোজেন $\xrightarrow{\text{সরাসরি পরিবর্তন হয়}}$ কার্বন	বেশি ভর	4.1 বিলিয়ন

সৌরকলঙ্ক বা সানস্পট হল এমন এলাকা যেখানে চৌম্বক ক্ষেত্র পৃথিবীর চৌম্বক ক্ষেত্রের চেয়ে প্রায় 2500 গুণ বেশি শক্তিশালী। এই শক্তিশালী চৌম্বক ক্ষেত্রের কারণে, চৌম্বকীয় চাপ বৃদ্ধি পায় এবং সূর্যের চারপাশের বায়ুমণ্ডলীয় চাপ হ্রাস পায়। এটি আশেপাশের এলাকার তুলনায় তাপমাত্রা কমিয়ে দেয় কারণ এটি পৃষ্ঠে নতুন অত্যন্ত-গরম গ্যাসের (প্লাজমা) প্রবাহকে বাধা দেয়।

সৌরকলঙ্ক জোড়ায় জোড়ায় দেখা যায় কারণ তারা তাদের বিপরীত দিকে চৌম্বক ক্ষেত্র নির্দেশ করে। তবে, 1645 থেকে 1715 সালের মধ্যে প্রায় শূন্য সৌরকলঙ্ক দেখা গেছিল। এই সময়কালকে মন্ডার মিনিমাম বা দীর্ঘস্থায়ী ন্যূনতম সৌরকলঙ্ক হিসাবে উল্লেখ করা হয়। কিছু বিজ্ঞানী পৃথিবীর এই সময়কালকে "ক্ষুদ্র তুষারযুগ" বলেও অভিহিত করেছেন।

নিচের রেখাচিত্রটি সৌরকলঙ্কের ফ্রিকোয়েন্সি সম্পর্কে কিছু তথ্য দেখায়।

1950 থেকে 2008 সালের মধ্যে সৌরকলঙ্ক সংখ্যার সৌর চক্র



18 অনুচ্ছেদ এবং লেখচিত্র থেকে তথ্য ব্যবহার করে, সৌরকলঙ্কের সঠিক বর্ণনা দেয় এমন বিবৃতিগুলি শনাক্ত করতে **তিনটি** বক্সে একটি টিকচিহ্ন (✓) দিন। [1]

☐ সৌরকলঙ্কের সংখ্যা হ্রাসের ফলে পৃথিবীর তাপমাত্রা হ্রাস পায় বলে অনুমান করা হয়।

☐ প্রতি বছর সৌরকলঙ্কের সংখ্যা পরিবর্তিত হয়, যা প্রায় 11 বছরের চক্রে ঘটে।

☐ সৌরশক্তির উৎপাদন বৃদ্ধির সাথে সৌরকলঙ্কের সংখ্যা হ্রাসের সম্পর্ক রয়েছে।

☐ 1950 সাল থেকে প্রতি বছর গড়ে সৌরকলঙ্কের সংখ্যা ক্রমাগত হ্রাস পাচ্ছে।

☐ সূর্যের পৃষ্ঠে যেসব অঞ্চলের তাপমাত্রা কম, সেগুলোকে সৌরকলঙ্ক বলা হয়।

1920-এর দশকে, এডউইন হাবল ছায়াপথের গতির অধ্যয়ন করেছিলেন। তিনি পৃথিবী থেকে পরিমাপ করা একটি ছায়াপথের বেগ (আপেক্ষিক বা রিসেশনাল বেগ) এবং পৃথিবী থেকে ছায়াপথের দূরত্বের মধ্যে একটি সম্পর্ক খুঁজে পান। এই সম্পর্কই হাবলের সূত্র হিসাবে পরিচিত। মহা বিস্ফোরণের পর থেকে মহাবিশ্ব কীভাবে পরিবর্তিত হয়েছে তা বোঝার জন্য এই সূত্রে ইঙ্গিত রয়েছে।

নিচের রেখাচিত্রটি মেগাপারসেক (Mpc) এবং তাদের আপেক্ষিক বেগে পৃথিবী থেকে বেশ কয়েকটি ছায়াপথের দূরত্ব সম্পর্কে তথ্য দেখায়।

পৃথিবী থেকে ছায়াপথের দূরত্ব এবং আপেক্ষিক বেগের মধ্যে সম্পর্ক



পৃথিবী থেকে ছায়াপথের দূরত্ব এবং আপেক্ষিক বেগের মধ্যে সম্পর্কের রেখাচিত্রটি দেখায় যে পৃথিবী থেকে ছায়াপথের দূরত্ব বৃদ্ধির সাথে সাথে একটি ছায়াপথের আপেক্ষিক বেগ ___A___ বৃদ্ধি পায়। এটি মহাবিশ্বের ___B___-এর প্রমাণ দেয় এবং যে মহাবিস্ফোরণের সময় মহাবিশ্ব প্রাথমিকভাবে ___C___ ছিল বলে ইঙ্গিত দেয়। ফলস্বরূপ, এই তথ্য থেকে বোঝা যায় যে মহাবিশ্ব ___D___ হারে পরিবর্তিত হচ্ছে।

19 নিচের কোন টেবিলটি উপরের অনুচ্ছেদে A, B, C এবং D লেবেলযুক্ত অনুপস্থিত শব্দ এবং বাক্যাংশগুলিকে সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে?

(1)

A	আনুপাতিকভাবে বৃদ্ধি পায়
B	প্রসারণ
C	সংকুচিত
D	একটি ত্বরিত

(3)

A	আনুপাতিকভাবে বৃদ্ধি পায়
B	প্রসারণ
C	স্ফীত
D	একটি ক্রমহ্রাসমান

(2)

A	অ-আনুপাতিকভাবে বৃদ্ধি পায়
B	প্রসারণ
C	স্ফীত
D	একটি ধ্রুবক

(4)

A	অ-আনুপাতিকভাবে বৃদ্ধি পায়
B	প্রসারণ
C	সংকুচিত
D	একটি ত্বরিত

মহাবিস্ফোরণের ফলে কণার সৃষ্টি হয়েছিল। প্রথম কণাগুলি ছিল প্রোটন, নিউট্রনের মতো উপ-পরমাণু কণা এবং হাইড্রোজেন, হিলিয়াম, লিথিয়াম এবং বেরিলিয়ামের মতো হালকা উপাদানের নিউক্লিয়াস। নিচের রেখাচিত্রতে এই কণাগুলি সম্পর্কে কিছু তথ্য, তাদের সৃষ্টির সময় মহাবিশ্বের তাপমাত্রা এবং মহাবিস্ফোরণের পরে তাদের সৃষ্টির সময়কাল দেখানো হয়েছে।

মহাবিস্ফোরণের পরে বিভিন্ন কণার আপেক্ষিক পরিমাণ এবং মহাবিশ্বের তাপমাত্রার মধ্যে সম্পর্ক



20 *মহাবিস্ফোরণের পরে বিভিন্ন কণার আপেক্ষিক পরিমাণ এবং মহাবিশ্বের তাপমাত্রার মধ্যে সম্পর্কের* রেখাচিত্রে থাকা তথ্যের উপর ভিত্তি করে, কোন টেবিলটি মহাবিস্ফোরণ তত্ত্বের প্রমাণ হিসাবে মহাজাগতিক পদার্থের গঠন সঠিকভাবে চিহ্নিত করে?

(1)

মহাবিস্ফোরণের সূচনা থেকে	**উপস্থিত কণাগুলোর**	**তাপমাত্রা** (K)
10-100 সেকেন্ড থেকে	H এবং He কমেছে	বৃদ্ধি পেয়েছে, তারপর কমেছে

(2)

মহাবিস্ফোরণের সূচনা থেকে	**উপস্থিত কণাগুলোর**	**তাপমাত্রা** (K)
100-1000 সেকেন্ড থেকে	H বৃদ্ধি পেয়েছে তারপর হ্রাস পেয়েছে, অন্যদিকে He বৃদ্ধি পেয়েছে, তারপর স্থির রয়েছে	কমেছে

(3)

মহাবিস্ফোরণের সূচনা থেকে	**উপস্থিত কণাগুলোর**	**তাপমাত্রা** (K)
1000-10,000 সেকেন্ড থেকে	প্রোটন ও নিউট্রন কমেছে	কমেছে, তারপর বৃদ্ধি পেয়েছে

(4)

মহাবিস্ফোরণের সূচনা থেকে	**উপস্থিত কণাগুলোর**	**তাপমাত্রা** (K)
10,000 সেকেন্ডের পরে	Be এবং Li স্থির ছিল	স্থির ছিল

নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 21 থেকে 25 নম্বর প্রশ্নের উত্তর দিন। কিছু প্রশ্নের জন্য ***ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের রেফারেন্স টেবিলের 2024 সংস্করণটি*** ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের হাডসন নদী

নিউ ইয়র্ক স্টেটের হাডসন নদীর জলাধার প্রায় 1340 বর্গ মাইল জুড়ে রয়েছে এবং এটি তিনটি ভিন্ন জলাধারকে অন্তর্ভুক্ত করে: মোহক নদী, হাডসন নদীর মোহনা এবং আপার হাডসন নদীর জলাধার। হাডসন নদী অ্যাডিরনড্যাকস থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত প্রায় 325 মাইল দক্ষিণে প্রবাহিত হয়। নিউ ইয়র্ক সিটির ট্রয় থেকে নিউ ইয়র্ক বন্দর পর্যন্ত 153-মাইল-বিভাগটি হল একটি জোয়ার-ভাটার মোহনা। এখানে, নদীর দক্ষিণে প্রবাহিত মিষ্টি জল আটলান্টিক মহাসাগর থেকে আসা লবণাক্ত জলের সাথে মিলিত হয়। মোহনায় ঢোকা সমুদ্রের জলের অগ্রভাগকে লবণাক্ত অঞ্চল বলা হয়। জোয়ার, আবহাওয়া এবং ঋতুর সাথে লবণাক্ত অঞ্চলটি পরিবর্তিত হয়। যখন ভারী বৃষ্টি হয়, তখন হাডসন নদীতে আরও মিষ্টি জল প্রবাহিত হয়। যেসব শহর ও শহরতলী হাডসন নদী থেকে তাদের পানীয় জল সংগ্রহ করে তারা লবণাক্ততার প্রতি সাবধানতার সাথে নজর রাখে, কারণ এটি পানীয় জলের গুণমানকে প্রভাবিত করে।

হাডসন নদীর জলাশয়



21 হাডসন নদীর তীরে ভারী বৃষ্টিপাতের ফলে লবণাক্ত অঞ্চলের অবস্থান কীভাবে প্রভাবিত হবে তা বর্ণনা করুন। [1]

লবণাক্ত অঞ্চলের অবস্থান HRM (হাডসন রিভার মাইল) এককে পরিমাপ করা হয়। হাডসন রিভার মাইল 0 নিউ ইয়র্ক সিটির ম্যানহাটনের দক্ষিণ প্রান্তে অবস্থিত।

নিচের টেবিলগুলি দুটি ভিন্ন তারিখে নিউ ইয়র্ক সিটির উত্তরে বেশ কয়েকটি জায়গার হাডসন নদী তীরের লবণাক্ততা সম্পর্কে কিছু তথ্য দেখায়। লবণাক্ততা প্রতি লিটার জলে ক্লোরাইডের মিলিগ্রামে (mg/L) পরিমাপ করা হয়, এবং লবণাক্ত অঞ্চলটি এমন স্থানে অবস্থিত যেখানে লবণাক্ততা 100 mg/L।

হাডসন নদীর লবণাক্ততা: 6 অক্টোবর, 2004

অবস্থান	নিউ ইয়র্ক সিটি	ইয়ঙ্কার্স	পিয়েরমন্ট	বিয়ার মাউন্ট	কোল্ড স্প্রিং	আলস্টার
লবণাক্ততা (mg/L)	1805	1162	300	50	47	34
HRM	7	18	25	46	55	97

হাডসন নদীর লবণাক্ততা: 12 অক্টোবর, 2006

অবস্থান	নিউ ইয়র্ক সিটি	ইয়ঙ্কার্স	পিয়েরমন্ট	ভারপ্ল্যাঙ্ক	কোল্ড স্প্রিং	পাগকিপসি	আলস্টার
লবণাক্ততা (mg/L)	7362	4041	3177	830	50	30	64
HRM	7	18	25	41	55	76	97

22 একজন শিক্ষার্থী দাবি করছে যে আবহাওয়ার কারণে লবণাক্ত অঞ্চলের অবস্থান ক্রমাগত পরিবর্তিত হচ্ছে। নিচের কোন টেবিলটি 6 অক্টোবর, 2004 এবং 12 অক্টোবর, 2006 তারিখে লবণাক্ত অঞ্চলের মধ্যে অবস্থিত দুটি স্থানকে সঠিকভাবে চিহ্নিত করে শিক্ষার্থীদের দাবিকে সমর্থন করে?

(1)

6 অক্টোবর, 2004	পিয়েরমন্ট এবং বিয়ার মাউন্টেন
12 অক্টোবর, 2006	পাগকিপসি এবং আলস্টার

(2)

6 অক্টোবর, 2004	পিয়েরমন্ট এবং বিয়ার মাউন্টেন
12 অক্টোবর, 2006	ভারপ্ল্যাঙ্ক এবং কোল্ড স্প্রিং

(3)

6 অক্টোবর, 2004	ইয়ঙ্কার্স এবং পিয়েরমন্ট
12 অক্টোবর, 2006	ভারপ্ল্যাঙ্ক এবং কোল্ড স্প্রিং

(4)

6 অক্টোবর, 2004	নিউ ইয়র্ক সিটি এবং ইয়ঙ্কার্স
12 অক্টোবর, 2006	ইয়ঙ্কার্স এবং পিয়েরমন্ট

হাডসন নদীর তীরে লবণাক্ত জল বৃদ্ধি পাওকিপসির মতো সম্প্রদায়ের পানীয় জলের গুণমানকে প্রভাবিত করতে পারে, যারা পানীয় জলের উৎস হিসেবে নদীর মিষ্টি জল ব্যবহার করে। এই কারণে, দুটি ভিন্ন পরিবেশগত দল নদীর লবণাক্ত অঞ্চলকে সতর্কতার সাথে পর্যবেক্ষণ করে।

যেহেতু নিউ ইয়র্ক স্টেটের 10 কোটিরও বেশি মানুষ বিশুদ্ধ পানীয় জলের জন্য হাডসন নদীর উপরই নির্ভর করে, তাই উভয় পরিবেশগত দল লবণের বৃদ্ধি মূল্যায়ন করার জন্য এবং পানীয় জল গ্রহণের সময় লবণের অনুপ্রবেশ আটকানোর জন্য একটি পরিকল্পনা তৈরি করেছে।

এই $400,000 এর পরিকল্পনায় আগামী 35 বছরে লবণাক্ত অঞ্চলে লবণ বৃদ্ধির পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করার জন্য একটি বাজেট রয়েছে। এই বাজেটের দুটি ভাগকে নিচে সংক্ষেপে দেওয়া হল:

- স্রোত এবং নদী প্রবাহের ডেটা ব্যবহার করে, 2025–2075 সালের মধ্যে লবণাক্ত অঞ্চলের জায়গাগুলির অনুমান করতে $250,000 বরাদ্দ করা হয়েছে।
- বেশ কয়েকটি জল শোধনাগারের জন্য নিরাপদ পানীয় জল বজায় রাখার জন্য একটি সক্রিয় কর্ম পরিকল্পনা তৈরির জন্য $150,000 বরাদ্দ করা হয়েছে।

23 পরিবেশগত দলগুলির তৈরি পরিকল্পনায় থাকা প্রমাণের ভিত্তিতে, মিষ্টি জলের প্রাপ্যতা হাডসন নদীর তীরবর্তী সম্প্রদায়গুলিকে কীভাবে প্রভাবিত করবে তা কোন ব্যাখ্যায় সঠিকভাবে বর্ণনা করা হয়?

(1) আগামী 50 বছরে লবণাক্ততা কমে যাওয়ায় হাডসন নদীর তীরবর্তী শহরগুলিকে বিকল্প পানীয় জলের উৎস খুঁজে পেতে যথেষ্ট পরিমাণ অর্থ ব্যয় করতে হবে।

(2) আগামী 50 বছর ধরে হাডসন নদীর তীরবর্তী শহরগুলিকে লবণাক্ত অঞ্চল পর্যবেক্ষণের জন্য $400,000 ব্যয় করতে হবে।

(3) যেসব সম্প্রদায় হাডসন নদীকে পানীয় জলের উৎস হিসাবে ব্যবহার করে, তারা লবণাক্ততা পর্যবেক্ষণ করতে এবং প্রয়োজনে জল শোধনাগারে জল বিশুদ্ধ করার পরিকল্পনা তৈরি করতে $400,000 ব্যয় করবে।

(4) যেসব সম্প্রদায় হাডসন নদীকে পানীয় জলের উৎস হিসাবে ব্যবহার করে, তাদের লবণাক্ততার প্রভাব তাদের পানীয় জলের উপর পড়বে কিনা তা অনুমান করার জন্য $150,000 খরচ করতে হবে।

হাডসন নদীর তীরবর্তী বাসিন্দারা কেবলমাত্র লবণাক্ত অঞ্চলের অবস্থান এবং পানীয় জলের মানের উপর নদীর প্রভাবজনিত সমস্যার মুখোমুখি হয় না।

1947 থেকে 1977 সালের মধ্যে, যেসব শিল্প অগ্নি প্রতিরোধ এবং তেল নিরোধক যন্ত্র তৈরি করে, যাদেরকে PCB (পলিক্লোরিনেটেড বাইফিনাইল) বলা হয়, সেগুলো মানুষ এবং নদীর জীবনের জন্য বিষাক্ত বলে প্রমাণিত হয়েছিল। ততক্ষণে, আলবানীর উত্তরে অবস্থিত এই শিল্প থেকে আনুমানিক 1.3 মিলিয়ন পাউন্ড PCB নদীতে ফেলে হয়ে গেছে। একবার নদীতে প্রবেশের পর, রাসায়নিক পদার্থগুলি নদীর তলদেশে এবং নদীর তীরে পলির সাথে মিশে যায়। 1973 সালে আপার হাডসনে একটি বাঁধ অপসারণের ফলে প্রচুর পরিমাণে আরও দূষিত পলি নির্গত হয়।

1984 সালে, এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (EPA) নদীর 200 মাইল প্রসারিত অংশকে ফেডারেল সুপারফান্ড সাইট হিসাবে শ্রেণীবদ্ধ করে, যা নদীর পলি থেকে PCB অপসারণের জন্য প্রয়োজন ছিল। 2009 থেকে 2015 সালের মধ্যে ড্রেজিংয়ের মাধ্যমে আলবানীর উত্তরে 40 মাইল বিস্তৃত এলাকাকে "হট স্পট" হিসেবে আখ্যায়িত করা হয়েছিল যেখানে PCB মিশ্রিত দূষিত পলি অপসারণ করা হয়েছিল। নিচের মডেলটি হাডসন নদীর PCB সম্পর্কে কিছু তথ্য দেখায়।

হাডসন নদীর PCB সুপারফান্ড সাইট: 200-মাইল প্রসারণ



(স্কেল অনুসারে অঙ্কিত নয়)

দূষিত মাছ খাওয়ার ফলে মানুষ সবচেয়ে বেশি PCB-এর সংস্পর্শে আসে। আপার হাডসন নদীর PCBগুলি 70 বছর ধরে উপস্থিত রয়েছে এবং মাছের পেটে জমা হয়েছে।

EPA আপার হাডসন নদী থেকে তোলা মাছ না খাওয়ার একটি পরামর্শ জারি করেছে। 2002 সালে, EPA 2020 এবং 2031 সালের মধ্যে মাছের পেটে PCB ঘনত্বের লক্ষ্যমাত্রা গ্রহণ করে। নিচের লেখচিত্রটি আপার হাডসন নদী থেকে নেওয়া মাছের পেটে PCB ঘনত্ব এবং এই লক্ষ্যগুলি দেখায়।

EPA-এর লক্ষ্যমাত্রার তুলনায় 2016 থেকে 2021 সাল পর্যন্ত আপার হাডসনের মাছে ওজনযুক্ত গড় মোট PCB (TPCB)



24 মডেল এবং রেখাচিত্রের উপর ভিত্তি করে, হাডসন নদীর মাছে *সবচেয়ে বড়* PCB মাত্রা হ্রাসের কারণ হবে বলে কোনটিকে পরবর্তী যৌক্তিক সমাধান হিসাবে নির্ধারণ করা যায়?

